সংবাদ

১৫২

063

তারিখ ২৮.৫.৮৬
পৃষ্ঠা ১ কলাম ৬



# পরলোকে অধ্যাপক সুনীল কুমার মুখোপাধ্যায়

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

বিশিষ্ট সাহিত্যিক, সমালোচক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডক্টর সুনীল কুমার মুখোপাধ্যায় গতকাল পরলোকগমন করেন। বিকেলে তিনি নিউমার্কেট এসেছিলেন এবং সেখানেই তিনি অজ্ঞান হয়ে যান। তাকে সঙ্গে সংগে সোহরাওয়ার্দী হাসপাতালে নিয়ে যাওয়া হয় ও রাত ৯টায় সেখানেই তিনি মারা যান। মৃত্যুকালে প্রয়াত অধ্যাপকের বয়স হয়েছিল ৫৫ বৎসর। তিনি পত্নী, এক ছেলে, এক মেয়ে এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তিনি ১৯২৯ সালে ফরিদপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি পল্লীকবি জসীমউদ্দীনের ওপর গবেষণা করে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তাঁর লেখা শতাধিক প্রবন্ধ, পুস্তক প্রকাশিত হয়েছে।